


Vol. 25 | No. 1 | 1981

Check for updates

সাহিত্য পত্রিকা

journal.bangla.du.ac.bd

# ঢাকা বিশ্ববিদ্যালয় বাংলা বিভাগের ইতিহাস [ ১৯২১-১৯৮১ ]

| | |
|---|---|
| Volume | 25 |
| Issue | 1 |
| Year | 1981 |
| ISSN | 0558-1583 |
| eISSN | 3006-886X |
| Author(s) | মোহাম্মদ মনিরুজ্জামান |
| Published online | December 1, 1981 |
| DOI | 10.62328/sp.v25i1.19 |
| Link to article | https://doi.org/10.62328/sp.v25i1.19 |
| Pages | 270-373 |
| Publisher | University of Dhaka |
| Copyright | সাহিত্য পত্রিকা |
| Designed and Developed by | Zobayer Abdullah |

# ঢাকা বিশ্ববিদ্যালয় বাংলা বিভাগের ইতিহাস

[ ১৯২১—১৯৮১ ]

মোহাম্মদ মনিরুজ্জামান

ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠা (১৯২১) থেকে ১৯৭৬ পর্যন্ত বাংলাদেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে বাংলাভাষা ও সাহিত্য চর্চার আলোচনা করেছি 'বাংলা সাহিত্যে উচ্চতর গবেষণা' গ্রন্থে (ঢাকা বিশ্ববিদ্যালয় ১৯৭৮)। সেই সবটা ইতিহাসই বিস্তৃত অর্থে ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগেরই ইতিহাস ; কেননা বাংলাদেশের অন্যান্য বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগ গড়ে উঠেছে ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের প্রাক্তন শিক্ষক ও ছাত্রদের পরিশ্রমেই। বর্তমান আলোচনার উদ্দেশ্য ঢাকা বিশ্ববিদ্যালয়ে বাংলা চর্চার ষাট বৎসর পূর্তি (১৯২১-১৯৮১) উপলক্ষে এই বিভাগ সংক্রান্ত প্রাসঙ্গিক তথ্য উপস্থাপন। পূর্বোক্ত গ্রন্থের কিছু তথ্য সংশোধন ও পুনর্বিন্যাসের সঙ্গে সঙ্গে এখানে এই প্রথম বারের মত ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে বাংলায় বি. এ. অনার্স, এম. এ., এম. ফিল. ও পিএইচ. ডি. ডিগ্রীপ্রাপ্ত ছাত্র-ছাত্রীদের তালিকা সংকলিত হল। উপস্থাপিত তথ্যাবলী ঢাকা বিশ্ববিদ্যালয়ে সংরক্ষিত নথি-পত্র ভিত্তিক। তবু যদি কোন নাম বাদ পড়ে থাকে তবে সে ত্রুটির জন্য ক্ষমা প্রার্থনা করি এবং প্রমাণ সাপেক্ষে ভবিষ্যতে সংশোধনের আশা রাখি।

## এক ॥ ১৯২১—৩৭

বাংলাদেশে বাংলাভাষা ও সাহিত্যচর্চা ও গবেষণার প্রধানতম কেন্দ্র ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগ। এই বিভাগের সূচনা কাল থেকে শিক্ষাদান ও গবেষণার একটা সুচারু পরিমণ্ডল গড়ে ওঠে। ১৯২১ সালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠা লগ্নে প্রতিষ্ঠিত হয় সংস্কৃত ও বাংলা বিভাগ। বিভাগের প্রথম অধ্যক্ষ নিযুক্ত হন মহামহোপাধ্যায় হরপ্রসাদ শাস্ত্রী। বাংলা সাহিত্যের প্রাচীনতম নিদর্শন চর্যাপদ আবিষ্কার (১৯০৭) করে মহামহোপাধ্যায় হরপ্রসাদ শাস্ত্রী বাংলা সাহিত্যের ইতিহাসে অবিস্মরণীয় হয়ে আছেন। তিনি এবং বিভাগের তৎকালীন অপরাপর শিক্ষক—শ্রীশচন্দ্র চক্রবর্তী, রাধাগোবিন্দ বসাক ও গুরুপ্রসন্ন ভট্টাচার্য ছিলেন সংস্কৃতের শিক্ষক। গুরুপ্রসন্ন ভট্টাচার্য সংস্কৃতে কবিতাও লিখতেন। বিভাগে বাংলার একমাত্র শিক্ষক ছিলেন মুহম্মদ শহীদুল্লাহ্। ফলে প্রথমাবধি বিভাগের বাংলাভাষা ও সাহিত্যের পাঠক্রম রচনার ও পঠন-পাঠনের দায়িত্ব পড়ে তাঁরই উপর। এ-সম্পর্কে ডক্টর মুহম্মদ শহীদুল্লাহ্ পরবর্তীকালে লিখেছেন, "ঢাকা বিশ্ববিদ্যালয় স্থাপনের পর থেকেই প্রাচীন বাংলার পঠন-পাঠন আরম্ভ হয়। তখন আমি এই বিশ্ববিদ্যালয়ের একমাত্র বাংলার শিক্ষক ছিলাম। অন্যান্য শিক্ষকগণ সংস্কৃত পড়াতেন। সংস্কৃত এবং বাংলা বিভাগের অধ্যক্ষ মহামহোপাধ্যায় হরপ্রসাদ শাস্ত্রী আমার উপর বাংলা পাঠ্যবিষয় ও পাঠ্য-পুস্তকের তালিকা প্রস্তুতের ভার দেন। আমি বাংলা অনার্স শ্রেণীর জন্য প্রাচীন বাংলা পাঠ্য-বিষয় নির্দেশ করি আর তার জন্য বৌদ্ধগান পাঠ্য স্থির করি। শাস্ত্রী মহাশয় আমার প্রস্তাব শুনে বললেন—'এ পড়াবে কে ?'
আমি বললাম—'আজ্ঞে, আমি পড়াব।'

তিনি বললেন—'তুমি পড়াতে পারবে?'
আমি বললাম—'আপনার আশীর্বাদ থাকলে নিশ্চয়ই আমি পারব।' তাতে তিনি খুশী হয়ে বললেন—'বাহ, বেশ।'

এটা ১৯২১ সালের জুন-জুলাই মাসের কথা। তারপর থেকে বরাবর প্রাচীন-বাংলার পঠন-পাঠন ঢাকা বিশ্ববিদ্যালয়ের পাঠ্যবিষয়-ভুক্ত হয়ে আছে। এর অনেক পর পর্যন্ত কিন্তু বৌদ্ধগান কলিকাতা বিশ্ববিদ্যালয়ে পাঠ্য হয়নি।" [মুহম্মদ শহীদুল্লাহ্, 'প্রাচীন বাংলা সাহিত্য', 'ভাষা ও সাহিত্য সপ্তাহ, ১৩৭০' সম্পাদক : মুহম্মদ আবদুল হাই, বাংলা বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, বৈশাখ ১৩৭১, পৃ. ২৯]

এ সম্পর্কে প্রফেসর মুহম্মদ আবদুল হাই লিখেছেন: "বাংলা সাহিত্যের ইতিহাস আলোচনা করলে দেখা যায়, সেন রাজাদের সময়ে গৌড়কে কেন্দ্র ক'রে যখন ব্রাহ্মণ্যবাদের বাহন সংস্কৃত ভাষার পুনরুজ্জীবন সংঘটিত হচ্ছিল, সে সময়ে নদীনালাপরিবৃত পূর্ব বাংলার সাধারণ মানুষই বাংলাভাষা ও সাহিত্যের লালন ও চর্চা করেছে। বাংলাভাষা ও সাহিত্যের আদি নিদর্শন 'বৌদ্ধগান ও দোঁহা' পূর্ব বাংলারই সম্পদ। শোনা যায়, উত্থান-পতন সত্ত্বেও ইতিহাসের চাকা নাকি একই ভাবে ঘোরে এবং তার চলার পথে পূর্ব ও পরযুগে মাঝে মাঝে আশ্চর্য মিল দেখা যায়। বাংলাভাষার অগ্রগতির ইতিহাসে এর আশ্চর্য সমর্থন পাই। পূর্ব বাংলার মাটিতে যেমন ভাষা ও সাহিত্যের আদি নিদর্শন মেলে, তেমনি ১৯২১ সালে ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার সঙ্গে সঙ্গে স্বতন্ত্রভাবে না হ'লেও সংস্কৃত বিভাগের মধ্যে বাংলাকেও বিশেষ স্থান দেওয়া হয়। ১৯৩৭ সালে সংস্কৃত বিভাগ থেকে বিচ্ছিন্ন ক'রে পৃথকভাবে বাংলা বিভাগ প্রতিষ্ঠা করা হয় এবং সে বছরেই বাংলায় অনার্স এবং এম. এ. কোর্স প্রবর্তন করা হয়। কলকাতা বিশ্ববিদ্যালয়ে বাংলায় অনার্স কোর্স চালু করা হয় তারও অনেক পরে—১৯৪৩ সালে, তাও কৃষ্ণনগর এবং প্রেসিডেন্সী কলেজে—খাস বিশ্ববিদ্যালয়ে নয়। তাছাড়া কলকাতা বিশ্ববিদ্যালয়ে ১৯৫৭/৫৮ সাল পর্যন্ত পৃথক বাংলা বিভাগ ছিল না, ছিল আধুনিক ভারতীয় ভাষাসমূহের বিভাগ। এ বিভাগের ছাত্রছাত্রীরা বোধহয় এখনও বাংলায় এম. এ. ডিগ্রী পায় না, পায় "M. A. in Modern Indian Languages with special reference to Bengali"। পূর্ব বাংলার মাটিতে যে বাংলাভাষা ও সাহিত্যের গোড়াপত্তন হয়েছিল, জ্ঞাত বা অজ্ঞাতসারে সবার আগে পূর্ব বাংলার প্রাচীনতম বিশ্ব-বিদ্যালয় ঢাকাতেই সে বাংলাভাষা ও সাহিত্যের পঠন-পাঠনের বিশেষ ব্যবস্থা করা হয়েছিল।

যেমন করেই হোক, পাকিস্তান-প্রতিষ্ঠার পর বাংলাকে অন্যতম রাষ্ট্রভাষার সম্মান দান, পূর্ববাংলার রাজধানী ঢাকার বুকে বাংলা একাডেমী এবং কেন্দ্রীয় বাংলা উন্নয়ন বোর্ডের প্রতিষ্ঠা এবং প্রতিষ্ঠানগুলোর মাধ্যমে আমাদের রাষ্ট্রীয় ও জাতীয় জীবনের সর্বক্ষেত্রে বাংলা প্রচলনের ব্যবস্থাগ্রহণ যেন একটা অদৃশ্য ইংগিত বহন করে চলেছে। তা হচ্ছে এই যে, ভবিষ্যতে বাংলাভাষার যাবতীয় উন্নতি ও উৎকর্ষ বিধানের ভার বিধাতা এ দেশের মানুষের হাতেই তুলে দিয়েছেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের একটি সুদীর্ঘ ঐতিহ্য আছে। ছাত্র শিক্ষকের সহযোগিতায় দীর্ঘকাল ধরে এ বিভাগের ঐতিহ্য গড়ে উঠেছে।" [মুহম্মদ আবদুল হাই, "ভাষণ" 'ভাষা ও সাহিত্য সপ্তাহ, ১৩৭০', পৃ. ১৯-২০]

বলা বাহুল্য, এই ঐতিহ্য মূলতঃ বাংলাভাষা ও সাহিত্যে শ্রেষ্ঠমানের পঠন-পাঠনের, গবেষণার ও সৃষ্টিশীলতার।

বিভাগের সূচনা কাল থেকেই অধ্যক্ষ মহামহোপাধ্যায় হরপ্রসাদ শাস্ত্রী ও অধ্যাপক মুহম্মদ শহীদুল্লাহ্ সংস্কৃত, পালি ও বাংলা সাহিত্য এবং ভাষা সম্পর্কে গবেষণার সূত্রপাত করেন। যদিও প্রথম অধ্যক্ষ মহামহোপাধ্যায় হরপ্রসাদ শাস্ত্রী এবং পরবর্তী অধ্যক্ষ ডক্টর সুশীলকুমার দে'র নেতৃত্বে সংস্কৃত সাহিত্য ও অলঙ্কারের গবেষণাতেই বিভাগীয় অধ্যাপকেরা অধিক মনোযোগী হন তবু স্মর্তব্য যে, তারই মধ্য দিয়ে বিভাগে গড়ে ওঠে একটা গবেষণার পরিবেশ।

মহামহোপাধ্যায় হরপ্রসাদ শাস্ত্রী ১৯২৪ সালের জুন মাসে অবসর গ্রহণ করেন। ঢাকা বিশ্ববিদ্যালয় ১৯২৭ সালের সমাবর্তনে এই মহামনীষীকে সম্মানসূচক ডি. লিট. উপাধিতে ভূষিত করেন।

বিভাগীয় অধ্যাপক মুহম্মদ শহীদুল্লাহ্ ১৯২৮ সালে সোরবোন বিশ্ববিদ্যালয় থেকে এবং প্রবোধচন্দ্র লাহিড়ী ১৯৩২ সালে লণ্ডন বিশ্ববিদ্যালয় থেকে ডক্টরেট ডিগ্রী লাভ করে বিভাগে প্রত্যাবর্তন করেন। অধ্যাপক রাধাগোবিন্দ বসাক ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে ইতিহাসে ডক্টরেট ডিগ্রী নিয়ে সরকারী কলেজে চলে যান (১৯৩১/৩৩) [See Annual Report Dacca University (A.R.D.U.), 1932–33]। সংস্কৃতের গবেষক মৃণাল দাশগুপ্ত বিভাগে প্রস্তুত তাঁর গবেষণা অভিসন্দর্ভের জন্য কলকাতা বিশ্ববিদ্যালয়ে 'গ্রিফিথ পুরস্কার' লাভ করেন (১৯৩২/৩৩) [See A.R.D.U. 1934-35]। এ বিভাগ থেকে সংস্কৃতে প্রথম ডক্টরেট ডিগ্রী লাভ করেন প্রকাশচন্দ্র লাহিড়ী (১৯৩৪) এবং পর বৎসর সংস্কৃতে ডক্টরেট ডিগ্রী পান রাজেন্দ্রচন্দ্র হাজরা।

এ সময় বাংলাভাষা ও সাহিত্যের গবেষণায় প্রধানভাবে নিয়োজিত থাকেন ডক্টর মুহম্মদ শহীদুল্লাহ্। তাঁর অনেক গুরুত্বপূর্ণ রচনা এ সময়ে প্রকাশিত হতে থাকে এবং ভাষাতাত্ত্বিক হিসেবে তিনি আন্তর্জাতিক খ্যাতি লাভ করেন। কবি-অধ্যাপক মোহিতলাল মজুমদারও এ সময়ে সাহিত্য-সমালোচনায় অধিকতর মনোনিবেশ করেন।

**দুই ॥ ১৯৩৭-৫৪**

এই পটভূমিতে ১৯৩৭ সালের ১৬ই আগস্ট সংস্কৃত থেকে পৃথক হয়ে স্বতন্ত্র অস্তিত্বে বাংলা বিভাগ প্রতিষ্ঠিত হয় এবং ডক্টর মুহম্মদ শহীদুল্লাহ্ এই নব-সৃষ্ট বিভাগের রীডার ও অধ্যক্ষের পদে নিযুক্ত হন।

বিভাগের অন্যান্য অধ্যাপক ছিলেন মোহিতলাল মজুমদার, গণেশচরণ বসু ও বাংলায় সদ্য এম. এ. ডিগ্রী-প্রাপ্ত আশুতোষ ভট্টাচার্য। পর বৎসর কবি জসীমউদ্‌দীন বিভাগের অধ্যাপনায় যোগ দেন। ডক্টর মুহম্মদ শহীদুল্লাহ্‌র নেতৃত্বে বিভাগীয় অধ্যাপকবৃন্দ একই সাথে ভাষা ও সাহিত্যের গবেষণা এবং সৃষ্টিশীল রচনা এই উভয় ক্ষেত্রেই উল্লেখযোগ্য অবদান রাখতে সমর্থ হন। নব প্রতিষ্ঠিত 'বাংলা সমিতি' নিয়মিত আলোচনা সভার (আধুনিক পরিভাষায় সেমিনার) আয়োজন করে বিভাগে গবেষণার পরিবেশকে সঞ্জীবিত করে তোলেন। ১৯৩৭ থেকে ১৯৪৪ এর মধ্যে ডক্টর মুহম্মদ শহীদুল্লাহ্ প্রাচীন ও মধ্য-যুগের বাংলা সাহিত্য, বাংলা ভাষা ও লোকসাহিত্য সম্পর্কে তাঁর বহু প্রধান গবেষণা প্রকাশ করেন। ১৯৪৪ সালে ডক্টর শহীদুল্লাহ্ অবসর গ্রহণ করেন এবং ১৯৪৪ থেকে ৪৮ সালের মধ্যে বিভাগের গবেষণা কার্যক্রম নানা কারণে প্রায় স্থগিত থাকে। ১৯৪৮-৪৯ শিক্ষাবর্ষে ডক্টর মুহম্মদ শহীদুল্লাহ্ সংখ্যাতিরিক্ত শিক্ষক হিসেবে বিশ্ববিদ্যালয়ে ফিরে আসেন এবং ১৫ই নভেম্বর ১৯৫২ সালে তিনি দুই বছরের জন্য বাংলা বিভাগের প্রফেসর

ও অধ্যক্ষ নিযুক্ত হন। এ বছরই ফেব্রুয়ারী মাসে ধ্বনিতত্ত্বে এম. এ. ডিগ্রী নিয়ে লণ্ডন থেকে বিভাগে ফিরে আসেন মুহম্মদ আবদুল হাই। ইতিপূর্বে ১৯৫০ সালে আবদুল করিম সাহিত্যবিশারদ তাঁর বিশাল পুঁথি সংগ্রহ ঢাকা বিশ্ববিদ্যালয়ে দান করেন। ১৯৫৩-৫৪ শিক্ষাবর্ষে ডক্টর মুহম্মদ শহীদুল্লাহ্, মুহম্মদ আবদুল হাই ও সৈয়দ আলী আহসান বাংলা সাহিত্যের ইতিহাস রচনার এক গবেষণা-প্রকল্প গ্রহণ করেন এবং এই শিক্ষাবর্ষে ডক্টর মুহম্মদ শহীদুল্লাহ্ ও মুহম্মদ আবদুল হাই-এর কয়েকটি উল্লেখযোগ্য গবেষণামূলক রচনা প্রকাশিত হয়। পরবর্তী শিক্ষাবর্ষে (১৯৫৪-৫৫) ডক্টর মুহম্মদ শহীদুল্লাহ্ দ্বিতীয়বার অবসর গ্রহণ করেন এবং বিভাগের রীডার ও অধ্যক্ষ নিযুক্ত হন মুহম্মদ আবদুল হাই (১৬ই নভেম্বর, ১৯৫৪)। অল্পকালের মধ্যে ডক্টর মুহম্মদ শহীদুল্লাহ্‌র ওপর ভার পড়ে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগ সংগঠনের এবং অধ্যাপক সৈয়দ আলী আহসান রীডার ও অধ্যক্ষ হিসেবে করাচী বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগ সংগঠনে মনোনিবেশ করেন। ঢাকা বিশ্ববিদ্যালয় ১৯৬৭ সালে মহামনীষী ডক্টর মুহম্মদ শহীদুল্লাহ্‌কে বিশ্ববিদ্যালয়ের প্রথম 'প্রফেসর এমিরিটাস' পদে নিয়োগ করেন। ১৯৬৯ সালের ১৩ই জুলাই পরলোকগমনের পূর্ব পর্যন্ত তিনি ঐ পদে অধিষ্ঠিত ছিলেন। ১৯৭৪ সালের ডিসেম্বর মাসে বিশেষ সমাবর্তনে ঢাকা বিশ্ববিদ্যালয় তাঁকে সম্মানসূচক 'ডক্টর অব লিটারেচার' (ডি. লিট.) ডিগ্রীতে ভূষিত করেন।

## তিন ॥ ১৯৫৪—৬৯

ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগে গবেষণার পরিবেশ উজ্জ্বল সার্থকতামণ্ডিত ও গৌরবজনক করে তোলার জন্য বিশেষ কৃতিত্বের দাবীদার প্রফেসর মুহম্মদ আবদুল হাই। ১৯৫৪-৫৫ থেকে ১৯৬৮-৬৯ সালের মধ্যে গবেষণা-সংগঠক রূপে মুহম্মদ আবদুল হাই অসাধারণ সাফল্য লাভ করেন। এ সময়ের মধ্যে তাঁর নিজের ৩৭টি এবং বিভাগীয় অধ্যাপকদের বহু প্রবন্ধ প্রকাশিত হয়।

এর আগে ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগে পিএইচ. ডি. পর্যায়ে কোনো গবেষণা পরিচালিত হয়নি। প্রফেসর মুহম্মদ আবদুল হাই এদিকে সফল পথিকৃৎ। তাঁর তত্ত্বাবধানে এই বিভাগ থেকে প্রথম পিএইচ. ডি. ডিগ্রী লাভ করেন মিসেস নীলিমা ইব্রাহিম (এপ্রিল, ১৯৫৯)। দু'মাস পর জনাব মুহম্মদ আবদুল হাই-এর প্রয়াসের ফলে এ-বিভাগের ভূতপূর্ব ছাত্র ও অধ্যাপক এবং তৎকালে কলকাতা বিশ্ববিদ্যালয়ের বাংলার অধ্যাপক আশুতোষ ভট্টাচার্য প্রথম বিদেশী হিসেবে পিএইচ. ডি. ডিগ্রী লাভ করেন।

প্রফেসর মুহম্মদ আবদুল হাই-এর এই তত্ত্বাবধানে বিভাগ থেকে ৪ জন গবেষক পিএইচ. ডি. ডিগ্রী লাভ করেন। এঁরা হচ্ছেন: মিসেস নীলিমা ইব্রাহিম, জনাব আনিসুজ্জামান, জনাব গোলাম সাকলায়েন ও জনাব মোহাম্মদ মনিরুজ্জামান। এ ছাড়া শ্রীআশুতোষ ভট্টাচার্য ও জনাব আহমদ শরীফকে থিসিস উপস্থাপনার জন্য তিনি প্রয়োজনীয় সহায়তা দান করেন। জনাব ওয়াকিল আহমদ প্রফেসর আবদুল হাই-এর তত্ত্বাবধানে অধিকাংশ কাজ সম্পন্ন করেন। উল্লেখযোগ্য যে, জনাব মোহাম্মদ রফিকুল ইসলামও প্রফেসর মুহম্মদ আবদুল হাই-এর তত্ত্বাবধানে কাজ শুরু করেন।

প্রফেসর মুহম্মদ আবদুল হাই-এর অপর অসাধারণ কৃতিত্ব তাঁর 'সাহিত্য পত্রিকা' সম্পাদনা। তাঁর সম্পাদনায় প্রকাশিত দশ বছরের প্রতিটি সংখ্যা, বাংলা ভাষায় এ-ধরনের পত্রিকা প্রকাশের ক্ষেত্রে শ্রেষ্ঠত্বের নিদর্শন। 'সাহিত্য পত্রিকা'র পাশাপাশি গবেষণাগ্রন্থ প্রকাশের

কার্যক্রমও তিনি ঐ সময় গ্রহণ করেন। তিনি নিজে যেমন ধ্বনিবিজ্ঞান-চর্চার ক্ষেত্রে একজন অগ্রণী ছিলেন তেমনি তাঁর অধ্যক্ষতার কালেই এই বিভাগের চারজন শিক্ষক—জনাব মুনীর চৌধুরী, জনাব মোফাজ্জল হায়দার চৌধুরী, জনাব কাজী দীন মুহম্মদ ও জনাব মোহাম্মদ রফিকুল ইসলাম—ধ্বনিবিজ্ঞান ও ভাষাতত্ত্বে যথাক্রমে হার্ভার্ড, লণ্ডন, লণ্ডন ও কর্নেল বিশ্ববিদ্যালয় থেকে প্রশিক্ষণ প্রাপ্ত হয়ে আসেন। বাংলাদেশে বাংলাভাষা ও সাহিত্যে একদল গবেষক সৃষ্টি এবং তাঁদের গবেষণার সফল প্রকাশের সুযোগ সৃষ্টির যে অসাধারণ দৃষ্টান্ত প্রফেসর মুহম্মদ আবদুল হাই স্থাপন করে গেছেন তা আমাদের ভবিষ্যৎ কালের গবেষণার ক্ষেত্রে সর্বদা অনুপ্রেরণা সঞ্চার করবে।

**ভাষা ও সাহিত্য সপ্তাহ, ১৩৭০**

প্রফেসর মুহম্মদ আবদুল হাই-এর অধ্যক্ষতার কালে আয়োজিত বিভাগের অপর একটি সফল কার্যক্রমের উল্লেখ এখানে অত্যাবশ্যক মনে করি। বাংলাদেশের সাংস্কৃতিক চেতনা বিকাশের ইতিহাসে ঢাকা বিশ্ববিদ্যালয় বাংলা বিভাগের এক অবিস্মরণীয় অবদান—'ভাষা ও সাহিত্য সপ্তাহ, ১৩৭০'। ১৯৬৩ সালের সেপ্টেম্বর মাসের ২২ থেকে ২৮ তারিখ পর্যন্ত সাতদিনব্যাপী অনুষ্ঠানমালা ও প্রদর্শনী অসামান্য সাফল্য লাভ করে। উদ্বোধন-অনুষ্ঠানে অধ্যক্ষ মুহম্মদ আবদুল হাই তাঁর ভাষণে বলেন :

> "এককালে বিশ্ববিদ্যালয়গুলোকে দেশকালের সমস্যা-নিরপেক্ষ জ্ঞানসাধনার ক্ষেত্র বলে বিবেচনা করা হতো। একালে মানুষের দৃষ্টিভঙ্গীর পরিবর্তন হয়েছে। তাই এখন বিশ্ববিদ্যালয়কে নিছক জ্ঞানসাধনার গজদন্ত মিনার হিসেবে গণ্য করা হয় না। জ্ঞান-সাধনা এখন দেশকাল নিরপেক্ষ নয়, অর্জিত জ্ঞান যাতে দেশের সার্বিক উন্নতি ও কল্যাণের জন্য নিয়োজিত হয়, একালের বিশ্ববিদ্যালয়গুলো সেভাবে চিন্তা করছে।
>
> এদিক থেকে পূর্ব পাকিস্তানের যে কোন বিশ্ববিদ্যালয়ের, বিশেষতঃ ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের দায়িত্ব ও কর্তব্য বিশেষ গুরুত্বপূর্ণ। অন্যান্য বিভাগের মতো শিক্ষাদান এ বিভাগের প্রধান কর্তব্য হলেও দেশের সাহিত্য ও সংস্কৃতিগত ঐতিহ্য, আত্মিক বিশ্বাস এবং আশা-আকাঙ্ক্ষার রক্ষণাবেক্ষণ, তার বিকাশ ও রূপায়ণে সহায়তা করাও বিভাগের অন্যতম উদ্দেশ্য। বিশ্ববিদ্যালয়ের পাঠকক্ষে দেশের ছেলেমেয়েরা যেভাবে বাংলাভাষা ও সাহিত্য সম্পর্কে জ্ঞান আহরণ করে, তার সঙ্গে আমাদের দেশের বৃহত্তর জনসাধারণকে পরিচিত করে তোলার জন্যে এবং বাংলাভাষা ও সাহিত্যের প্রতি তাদের অধিকতর আগ্রহ সৃষ্টির জন্যে বর্তমান ভাষা ও সাহিত্য সপ্তাহ ও প্রদর্শনীর ব্যবস্থা করা হয়েছে।"

উপসংহারে তিনি শিক্ষার মাধ্যম ও ব্যবহারিক জীবনে মাতৃভাষার গুরুত্ব সম্পর্কে বলেন :

> "শুধু সরকার এবং বিশ্ববিদ্যালয়ের ওপর দায়িত্ব না চাপিয়ে নিজেরা যেখানে দৈনন্দিন জীবনে বাংলার ব্যবহার করতে পারি—যেমন, নিজেদের মধ্যে কিংবা সভা-সমিতিতে আলাপ-আলোচনায়, বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় এবং হল ইউনিয়নগুলোর নিমন্ত্রণ-পত্রে, বন্ধু-বান্ধব এবং আত্মীয়-স্বজনের মধ্যে লেখা চিঠিপত্রে এবং ভাবের আদান-প্রদানে, বিবাহের নিমন্ত্রণ-পত্রে, দোকানপাটের নামপত্রে, গাড়ীর নম্বর-ফলকে—সেখানে কেন যে বাংলা ব্যবহার করি না, আমি তাই ভেবে আশ্চর্য হই। এখানে তো কেউ বাধা দেবার নেই। তাছাড়া উচ্চশিক্ষার মাধ্যম হিসেবে বাংলাকে স্বীকৃতি দেবার পূর্বে কলেজ এবং বিশ্ববিদ্যালয়ে যাঁরা আপনাপন বিষয়ে বাংলায় বোঝাতে পারেন, তাঁরা সাহস করে

বাংলায় বক্তৃতা দেওয়া শুরু করলে ক্ষতি হয় না, বরঞ্চ তাতে তাঁদের বাংলা চর্চা করার সুযোগ হয় এবং অদূর ভবিষ্যতে বাংলাকে উচ্চশিক্ষার মাধ্যমে পরিণত করার পথ প্রশস্ত হয়। এদিক থেকে সজ্ঞানে দৃঢ় মনোভাব নিয়ে আমাদের বাংলা চর্চা করার প্রয়োজনের কথা উল্লেখ করে আমার বক্তব্য শেষ করছি।'' ['ভাষা ও সাহিত্য সপ্তাহ, ১৯৭০' পৃ. ৩-৪।]

বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ডক্টর মুহম্মদ ওসমান গণি উদ্বোধনী ভাষণে বলেন :

পঠন-পাঠনের নির্দিষ্ট কার্যক্রমের বাইরেও দেশের সাংস্কৃতিক জীবনে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও ছাত্রছাত্রীদের একটি বিশেষ ভূমিকা রয়েছে। বর্তমান অনুষ্ঠান তারই পরিচয় বহন করবে বলে আমি আশা করি।

বাংলা ভাষার গুরুত্ব সম্পর্কে তিনি বলেন :

আমরা প্রত্যাশা করতে পারি যে, অদূর ভবিষ্যতে যাতে শিক্ষার সর্বস্তরে ও সরকারী কাজকর্মে বাংলাভাষার প্রচলন হয়, এখন থেকেই তার যথাবিহিত ব্যবস্থার সূচনা করা হবে।

এই প্রত্যাশাকে সফল করে তুলতে হলে আমাদের সকলকেই কিছু সাধনা করতে হবে। চিন্তা ও জ্ঞানের ক্ষেত্রে পৃথিবীতে প্রতিনিয়তই নতুন নতুন দিগন্ত উন্মোচিত হচ্ছে। সবদেশের সবকালের মানুষের জ্ঞান-সাধনার যা শ্রেষ্ঠ ফল, ভাষায় তার পরিচয় দেবার দায়িত্ব আমাদের। আধুনিক রাষ্ট্রের সর্ববিধ প্রয়োজনের দিকে লক্ষ্য রেখে বাংলা-ভাষাকে ক্রমেই বিস্তৃত পরিসরের মধ্যে ব্যবহারযোগ্য করে তুলতে হবে।

ভাষা ও সাহিত্য সপ্তাহ এবং প্রদর্শনীর প্রয়োজনীয়তা সম্পর্কে তিনি বলেন :

অবশ্য গবেষণামাত্রই প্রধানতঃ বিশেষজ্ঞদের ব্যাপার—আপামর জনসাধারণের সঙ্গে তার যোগ খুবই শিথিল। কিন্তু সমগ্র দেশের প্রয়োজনের পরিপ্রেক্ষিতে বাংলাভাষাকে যে স্থান আমরা দিতে চাচ্ছি, তা কেবল বিশেষজ্ঞের নিজস্ব এলাকা নয়। তাই সর্ব-শ্রেণীর নাগরিকের সঙ্গে বাংলাভাষার আরো ঘনিষ্ঠ সংযোগ স্থাপিত হওয়া দরকার। একথা অস্বীকার করা যায় না যে, বাংলাভাষা আমাদের মাতৃভাষা হলেও এ-ভাষা ও সাহিত্যের সঙ্গে পূর্ণাঙ্গ পরিচয়—বিশেষজ্ঞ বা সাহিত্যিক ছাড়া খুব কম লোকেরই আছে। মাতৃভাষাকে ভালভাবে জানা তার ইতিহাস-ঐতিহ্য, গতিপ্রকৃতির সঙ্গে পরিচিত হওয়া বাংলা ভাষাভাষীমাত্রের পক্ষেই অবশ্য কর্তব্য।

এ কারণেই বাংলা বিভাগ কর্তৃক আয়োজিত এই অনুষ্ঠান আমি খুব তৎপর্যপূর্ণ বলে মনে করি। এই উপলক্ষে আয়োজিত প্রদর্শনী ও অনুষ্ঠানসমূহ থেকে জনসাধারণ ও শিক্ষার্থীরা বাংলাভাষা ও সাহিত্য সম্পর্কে অনেক অজ্ঞাতপূর্ব তথ্যের পরিচয় লাভ করবেন, আশা করি। তাছাড়া, বাংলাভাষা ও সাহিত্যের গবেষণা ও উন্নয়ন সম্পর্কে তাঁরা মোটামুটি জানতে পারবেন। অতীত ও বর্তমানের খতিয়ান নিয়েই কেবল ভবিষ্যতের দিক এগিয়ে যাওয়া সম্ভব। বাংলাভাষা ও সাহিত্য সপ্তাহ ভবিষ্যতের দিকে এগিয়ে চলার ব্যাপারে আমাদেরকে সাহায্য করবে, এই প্রত্যাশা নিয়ে আমি এই অনুষ্ঠানের উদ্বোধন করছি। [ঐ, পৃ. ৪-৫]

বাংলা ভাষা ও সাহিত্য সপ্তাহ উপলক্ষে আয়োজিত প্রদর্শনীর চারটি শাখা ছিল : ভাষার বিবর্তন, সাহিত্যের বিকাশ, লিপির পরিবর্তন ও মুদ্রণের ইতিহাস।

তালিকা, পোস্টার, চিত্র, পুঁথি ও মুদ্রিত গ্রন্থের সাহায্যে এই প্রদর্শনী সজ্জিত হয়। সপ্তাহের সাফল্যের বিবরণের জন্য বিভাগ থেকে প্রকাশিত—'ভাষা ও সাহিত্য সপ্তাহ, ১৩৭০' (বৈশাখ ১৩৭১) গ্রন্থ দ্রষ্টব্য। বিবরণীর অংশ বিশেষ নিম্নরূপ :

"বাংলা বিভাগের ছাত্রছাত্রীরা প্রদর্শনীর প্রতিটি অংশ বিষদভাবে ব্যাখ্যা করে বুঝিয়ে দেন। ফলে প্রদর্শনীটি বাংলাভাষা ও সাহিত্যের প্রাচীন ও মধ্যযুগের এবং সমকালীন পূর্ব পাকিস্তানী সাহিত্য সম্পর্কে একটি পূর্ণাঙ্গ চিত্র তুলে ধরে মাতৃভাষার সমৃদ্ধ ঐতিহ্য সম্পর্কে জনসাধারণকে সচেতন করতে সক্ষম হয়।

প্রদর্শনী প্রতিদিন দুপুর দু'টো থেকে সন্ধ্যা ছ'টা অবধি সর্বসাধারণের জন্যে উন্মুক্ত থাকে। প্রদর্শনীতে অভূতপূর্ব জনসমাগম হয়; প্রতিদিন দীর্ঘ সারি দিয়ে শৃংখলার সঙ্গে হাজার হাজার মানুষ এই প্রদর্শনী দেখেন ও উপভোগ করেন। দর্শকদের মধ্যে অগণিত বিদেশী ও অবাঙালীও ছিলেন। অনুমান প্রতিদিন গড়ে দু'তিন হাজার এবং সাতদিনে অন্ততঃ বিশ হাজার লোক প্রদর্শনীটি দেখেন। প্রদর্শনীতে জনসাধারণের ভীড়ের চাপ এত অধিক হয়ে পড়েছিল যে প্রদর্শনী-প্রাঙ্গণটি অবিলম্বে স্থান-সংকুলানের পক্ষে অত্যন্ত ক্ষুদ্র বিবেচিত হয়। প্রতিদিন বহু দর্শনেচ্ছু ব্যক্তিকে বিফল মনোরথ হয়ে ফিরে যেতে হয়। বিভাগের ছাত্রছাত্রীরা যে নৈপুণ্য ও ধৈর্যের সঙ্গে প্রদর্শনীর শান্তি ও শৃংখলা বজায় রাখেন—তা প্রশংসার যোগ্য।" [ঐ, পৃ. ৮]

"বাংলাভাষা ও সাহিত্য সপ্তাহ উপলক্ষে প্রতিদিন সন্ধ্যা সাতটার বিশেষ অনুষ্ঠানের আয়োজন করা হয়েছিল। সেপ্টেম্বরের ২২, ২৪, ২৬ ও ২৮ তারিখ সন্ধ্যায় বসে বাংলা কবিতা, গদ্য ও নাটকপাঠ এবং বাংলা গানের আসর। এই আসরগুলির লক্ষ্য ছিল বাংলা সাহিত্য ও গীতিরচনার ধারার সঙ্গে সকলকে পরিচয় করিয়ে দেওয়া। অধ্যাপক মোহাম্মদ মনিরুজ্জামান, ডঃ নীলিমা ইব্রাহিম, অধ্যাপক মুনীর চৌধুরী ও অধ্যাপক আবু হেনা মোস্তফা কামালের পরিচালনায় অনুষ্ঠিত এই আসরগুলিতে বিভাগের অধ্যাপক-অধ্যাপিকা ও ছাত্রছাত্রীরা অংশ গ্রহণ করেন। কোন কোন অনুষ্ঠানে প্রাক্তন ছাত্র-ছাত্রীরাও যোগ দেন। প্রত্যেকটি অনুষ্ঠানই সকলে অত্যন্ত উপভোগ করেন।

২৩, ২৫ ও ২৭ তারিখ সন্ধ্যা সাতটায় প্রাচীন, মধ্য ও আধুনিক বাংলা সাহিত্য সম্পর্কে আলোচনা-সভা অনুষ্ঠিত হয়। ডঃ মুহম্মদ শহীদুল্লাহ, ডঃ মুহম্মদ এনামুল হক ও অধ্যাপক সৈয়দ আলী আহসান মূল প্রবন্ধগুলি পড়েন। এই সভার উদ্দেশ্য ছিল আমাদের সাহিত্যধারা সম্পর্কে সকলকে একটা মোটামুটি ধারণা দেওয়া। মূল প্রবন্ধলেখক ছাড়া আলোচনায় অংশ গ্রহণ করেন ডক্টর নীলিমা ইব্রাহিম, জনাব সৈয়দ মুর্তাজা আলী ও অধ্যাপক মুহম্মদ মনসুরউদ্দীন (প্রাচীন সাহিত্য); অধ্যাপক মুহম্মদ মনসুরউদ্দীন ও অধ্যাপক আহমদ শরীফ (মধ্যযুগের সাহিত্য); অধ্যাপক অজিত-কুমার গুহ, অধ্যাপক মুনীর চৌধুরী, ডক্টর কাজী মোতাহার হোসেন ও জনাব আবদুল কাদির (আধুনিক সাহিত্য)।

অধ্যক্ষ মুহম্মদ আবদুল হাই আলোচনা-সভাগুলিতে সভাপতিত্ব করেন। প্রত্যেকটি অনুষ্ঠানেই অসাধারণ জনসমাবেশ হয়।" [ঐ, পৃ. ১৩--১৪]


এখানে উল্লেখযোগ্য যে, ভাষা ও সাহিত্য সপ্তাহের প্রস্তুতি সমিতির সভাপতি ছিলেন অধ্যক্ষ মুহম্মদ আবদুল হাই; আহ্বায়ক ছিলেন তৎকালীন বিভাগীয় ছাত্র আশিক ওয়াহেদ মোহাম্মদ আসাদুল ইসলাম চৌধুরী (আসাদ চৌধুরী) ও মুহম্মদ মুজাদ্দেদ এবং ব্যবস্থাপনায় ছিলেন অধ্যাপক রফিকুল ইসলাম ও ডক্টর আনিসুজ্জামান।



**মহামহোপাধ্যায় হরপ্রসাদ শাস্ত্রী**
জন্ম : ডিসেম্বর ৬, ১৮৫৩
মৃত্যু : নভেম্বর ১৭, ১৯৩১



**ডক্টর মুহম্মদ শহীদুল্লাহ্**
জন্ম : জুলাই ১০, ১৮৮৫
মৃত্যু : জুলাই ১৩, ১৯৬৯



**প্রফেসর মুহম্মদ আবদুল হাই**
জন্ম : নভেম্বর ২৬, ১৯১৯
মৃত্যু : জুন ৩, ১৯৬৯



**প্রফেসর মুনীর চৌধুরী**
জন্ম : নভেম্বর ২৭, ১৯২৫
মৃত্যু : ডিসেম্বর ১৪, ১৯৭১
মুক্তিযুদ্ধে শহীদ

ভাষা ও সাহিত্য সপ্তাহের অসামান্য সাফল্য বাংলাভাষা ও সাহিত্যের পঠন-পাঠন ও গবেষণার ক্ষেত্রে নতুন মাত্রা সংযোজন করে। তৎকালীন পত্র-পত্রিকায় এ সম্পর্কে প্রকাশিত বহু প্রবন্ধ, নিবন্ধ ও সম্পাদকীয় মন্তব্যে তার স্বাক্ষর আছে। [ঐ, পৃ. ৬৭-৯৩]

**চার ।। ১৯৬৯-৭১**

অধ্যক্ষ মুহম্মদ আবদুল হাই-এর আকস্মিক পরলোকগমনের (১৯৬৯, ৩ জুন) পর অধ্যক্ষ মুনীর চৌধুরী বিভাগের গবেষণার ঐতিহ্যধারা সজীব রাখতে সচেষ্ট থাকেন। তিনি নিজে ছিলেন বাংলা সাহিত্যের একজন শ্রেষ্ঠ নাট্য-প্রতিভা। তাঁর অনুপ্রেরণায় বিভাগের সৃজনশীল সাহিত্য-রচনার পরিবেশও উজ্জীবিত হয়।

কিন্তু বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধে এই বিভাগ হারিয়েছে অধ্যক্ষ মুনীর চৌধুরী, অধ্যাপক মোফাজ্জল হায়দার চৌধুরী ও অধ্যাপক আনোয়ার পাশাকে। আমাদের গবেষণার ক্ষেত্রে এঁদের অভাব অপূরণীয়।

**মুক্তিযুদ্ধ ও বাংলা বিভাগ**

বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধে বাংলা বিভাগের অবদান বিশিষ্ট ও প্রত্যক্ষ। ভাষা আন্দোলন থেকে মুক্তিযুদ্ধ পর্যন্ত বাংলাদেশের প্রকৃত ইতিহাস রচিত হলে বাংলা বিভাগের অবদান অত্যুজ্জ্বল স্বীকৃতি লাভ করবে। ১৯৭১ সালের ২৫ শে মার্চের পূর্বে কর্মরত বাংলা বিভাগের যে ক'জন শিক্ষকের বাংলাদেশের মুক্তিযুদ্ধে প্রত্যক্ষ ভূমিকা ছিল তাঁদের সম্পর্কে কিছু তথ্য নিম্নে উপস্থাপিত হল।

**শহীদ প্রফেসর মুনীর চৌধুরী ।।** ভাষা আন্দোলনের রাজবন্দী, 'কবর' নাটকের অবিস্মরণীয় স্রষ্টা, অসামান্য বাগ্মী, পথিকৃৎ ভাষাতাত্ত্বিক মুনীর চৌধুরী ১৯৭১ সালের ১লা সেপ্টেম্বর টিক্কা খান স্বাক্ষরিত নিম্নরূপ হুশিয়ারী-পত্র পান :

Martial Law Headquarter, Zone 'B' Dacca.

I, Lt. General Tikka Khan, HQA, S. PK., as Chancellor of the Dacca University hereby warn you, Dr. Munir Chowdhury, Professor of Bengali, Dacca University, that you will not indulge in the anti-state activities in future.

Place : Dacca,
Dated 1 September, 1971.

Sd/- Tikka Khan, Lt. General
Martial Law Administrator
Zone 'B' and Governor of
East Pakistan.

১৯৭১ সালের ১৪ই ডিসেম্বর আলবদর বাহিনীর লোকেরা প্রফেসর মুনীর চৌধুরীকে সেন্ট্রাল রোডের তাঁর পিত্রালয় থেকে ধরে নিয়ে যায়। তার পর থেকে তিনি নিখোঁজ [শহীদ]।

**শহীদ অধ্যাপক মোফাজ্জল হায়দার চৌধুরী ।।** রবীন্দ্রবিশেষজ্ঞ ও ধ্বনিতাত্ত্বিক অধ্যাপক মোফাজ্জল হায়দার চৌধুরীকে ১৪ই ডিসেম্বর ১৯৭১ তারিখে তাঁর কনিষ্ঠ ভ্রাতার বাসা থেকে আলবদর বাহিনীর লোকেরা ধরে নিয়ে যায়। তার পর থেকে তিনি নিখোঁজ [শহীদ]।

**শহীদ অধ্যাপক আনোয়ার পাশা** ।। রবীন্দ্রবিশেষজ্ঞ ও ঔপন্যাসিক অধ্যাপক আনোয়ার পাশাকে ১৪ই ডিসেম্বর ১৯৭১ তারিখে তাঁর ফুলার রোডের বাসা থেকে আলবদর বাহিনীর লোকেরা ধরে নিয়ে যায় এবং সম্ভবতঃ ঐদিনই তিনি শহীদ হন। রায়ের বাজারে প্রাপ্ত তাঁর লাশ বিশ্ববিদ্যালয় মসজিদ প্রাঙ্গণে স্বাধীনতার পর দাফন করা হয়। মুক্তিযুদ্ধ চলাকালে তিনি রচনা করেন 'রাইফেল-রোটি-আওরাত' শীর্ষক উপন্যাস।

**ডক্টর মুহম্মদ এনামুল হক** ।। সরকারী চাকুরী থেকে অবসরপ্রাপ্ত ডক্টর মুহম্মদ এনামুল হককে বাংলা বিভাগে সংখ্যাতিরিক্ত প্রফেসর হিসেবে নিয়ে আসেন প্রফেসর মুনীর চৌধুরী। তিনি ১লা সেপ্টেম্বর ১৯৭১ তারিখে টিক্কা খান স্বাক্ষরিত নিম্নলিখিত বরখাস্ত-পত্র পান :

Martial Law Headquarters, Zone 'B' Dacca.

In exercise of the powers conferred on me by the Chief Martial Law Administrator under MLR 80. I, Lt. General Tikka Khan, HQA, S. PK., as Martial Law Administrator, Zone 'B' and in the capacity as Chancellor of Dacca University, terminate your service, Dr. Inamul Huque, as Chairman of Bengali Development Board and as Supernumerary Lecturer in the Bengali Department of the said University.

Place : Dacca.
Dated 1 September 1971

Sd/- Tikka Khan, Lt. General
Martial Law Administrator,
Zone 'B' and Governor of
East Pakistan.

**ডক্টর নীলিমা ইব্রাহিম** ।। নাট্যবিশেষজ্ঞ ও নাট্যকার, ঢাকা বিশ্ববিদ্যালয় বাংলা বিভাগের প্রথম পিএইচ. ডি. ডিগ্রীপ্রাপ্ত অধ্যাপিকা নীলিমা ইব্রাহিম ১লা সেপ্টেম্বর ১৯৭১ তারিখে টিক্কা খান স্বাক্ষরিত নিম্নলিখিত হুশিয়ারী-পত্র পান :

Martial Law Headquarters, Zone 'B' Dacca.

I, Lt. General Tikka Khan, HQA, S. PK., as Chancellor of the Dacca University, hereby warn you, Dr. Nilima Ibrahim of Bengali Department, Dacca University, that you will not indulge in the anti-state activities in future.

Place : Dacca
Dated 1 September, 1971

Sd/- Tikka Khan, Lt. General
Martial Law Administrator
Zone 'B' Governor of East Pakistan.

**ডক্টর মোহাম্মদ রফিকুল ইসলাম** ।। নজরুলবিশেষজ্ঞ ও ভাষাতাত্ত্বিক অধ্যাপক রফিকুল ইসলামকে ১৯৭১ সালের ১৩ই আগস্ট তারিখে পাকিস্তান সামরিক বাহিনী গ্রেফতার করে। তিনি ১৯৭১ সালের অক্টোবরের প্রথম সপ্তাহ পর্যন্ত ঢাকা ক্যান্টনমেন্টে ও ঢাকা কেন্দ্রীয় কারাগারে আটক থাকেন।

**ডক্টর মোহাম্মদ মনিরুজ্জামান** ।। "বহু গণসঙ্গীত রচনা, ১৯৭১ সালের ২১ ফেব্রুয়ারীতে তাঁর রচিত ও উপস্থাপিত (সঙ্গীত পরিচালনা : আলতাফ মাহমুদ) বিশেষ টেলিভিশন অনুষ্ঠানে জাতীয়সঙ্গীত হিসেবে রবীন্দ্রসঙ্গীত "আমার সোনার বাংলা" ব্যবহার এবং মার্চের অসহযোগ আন্দোলনের সময় বেতার ও টেলিভিশনে অসহযোগের পক্ষে প্রচারের কারণে ২৫শে মার্চ রাত্রেই মোহাম্মদ মনিরুজ্জামানের জীবন বিপন্ন হয়। ২৫ ও ২৬শে মার্চ ফুলার রোডে বিভিন্ন বাসায় আত্মগোপন করে ২৭শে মার্চ স্বপরিবারে তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাসা ছেড়ে যান। মুক্তিযুদ্ধের নয়মাস কাল গ্রামে ও শহরে আত্মগোপন করে থেকে বিভিন্ন পর্যায়ে বিভিন্নভাবে তিনি মুক্তিযুদ্ধে প্রত্যক্ষ সহায়তা করেন।" [রক্ত গোলাপ, ঢাকা ১৯৭২]। ১লা সেপ্টেম্বর ১৯৭১ তারিখে টিক্কা খান তাঁর প্রতি নিম্নলিখিত বরখাস্ত-আদেশ ও ছয় মাসের আটক আদেশ জারি করেন :

Martial Law Headquarters, Zone 'B' Dacca.

In exercise of the powers conferred on me by the Chief Martial Law Administrator under MLR, 80. I, Lt. General Tikka Khan, HQA, S. PK., as Martial Law Administrator, Zone 'B' and in the capacity as Chancellor, Dacca University, hereby terminate your service, Dr. Muniruzzaman of Bengali Department of the Dacca University with immediate effect and under MLR 78 further direct that you be detained for six months.

Sd/- Tikka Khan, Lt. General
Martial Law Administrator,
Zone 'B' and Governor of
East Pakistan.

Place : Dacca
Dated 1 September, 1971

১৬ই ডিসেম্বর ১৯৭১ বাংলাদেশের স্বাধীনতা লাভের পর ডক্টর মোহাম্মদ মনিরুজ্জামান বিভাগে প্রত্যাবর্তন করেন।

**ডক্টর সৈয়দ আকরম হোসেন** ।। রবীন্দ্রবিশেষজ্ঞ ও বিভাগের তৎকালীন তরুণ অধ্যাপক সৈয়দ আকরম হোসেন ২৩শে মার্চ ১৯৭১, পাক-সরকারের বিরুদ্ধে অসহযোগ আন্দোলনে অংশগ্রহণ ক'রে ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগ পরিত্যাগ করেন। মুক্তিযুদ্ধের নয় মাস কাল যশোরের বিভিন্ন অঞ্চলে অবস্থান করেন এবং বিভিন্ন প্রকারে মুক্তিযুদ্ধে প্রত্যক্ষভাবে অংশগ্রহণ করেন। তৎকালীন সরকারের সামরিক প্রশাসক জেনারেল টিক্কা খানের নির্দেশে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ তাঁর প্রতি নিম্নলিখিত বরখাস্ত-আদেশ প্রদান করেন :

ORDER

"AND WHEREAS **Mr. Syed Akram Hossain,** last employed as Temp. Lecturer in Bengali, D. U. failed to report for duty by the aforesaid date and thus remained absent without authority and committed wilful negligence of duty.

AND WHEREAS the Governor and Martial Law Administrator, Zone 'B' has been pleased to order that "all Officers who failed to join their duties by the afternoon of 15th June, 1971 shall stand suspended with effect from the forenoon of 16th June, 1971 until further orders."

AND WHEREAS the University has also issued Notification to all its employees to the above effect, namely, to join duty by 15-6-1971 at the latest.

Now, therefore, the said **Mr. Syed Akram Hossain** is hereby informed that in pursuance of the said order of the Governor and Martial Law Administrator, Zone 'B' and the Syndicate resolution thereon dated August 5, 1971 he has been placed under suspension with effect from the forenoon of 16th June, 1971.

By Order
Sd/- Nuruddin Ahmed 27.8.71.
Registrar,
University of Dacca.

Memo. No. **C/5917—24** Dated, the 3-9-1971.

বাংলাদেশের স্বাধীনতা লাভের পর সৈয়দ আকরম হোসেন বিভাগে প্রত্যাবর্তন করেন।


মুক্তিযুদ্ধে বাংলা বিভাগের তিনজন ছাত্র শহীদ হন। তাঁরা হলেন:

**জাহাঙ্গীর মুনীর**
**নজরুল ইসলাম**
**মোস্তফা কামাল শাহরিয়ার**


বাংলাদেশের স্বাধীনতার পর বিভাগের অধ্যক্ষ হন ডক্টর নীলিমা ইব্রাহিম। তাঁর অধ্যক্ষতার প্রথম বৎসরে বাংলাদেশের মুক্তিযুদ্ধে প্রত্যক্ষ অংশ গ্রহণকারী দু'জন শিক্ষক বাংলা বিভাগে যোগদান করেন: **মিসেস সন্‌জীদা খাতুন** ও **জনাব মোহাম্মদ আবু জাফর**। তৎকালীন সরকারী মহাবিদ্যালয়ের এ্যাসোসিয়েট প্রফেসর মিসেস সন্‌জীদা খাতুন এবং চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের এ্যাসিস্ট্যাণ্ট প্রফেসর জনাব মোহাম্মদ আবু জাফর মুক্তিযুদ্ধের সময় ভারতে আশ্রয় গ্রহণ করেন এবং 'শব্দ-সৈনিক' রূপে স্বাধীন বাংলা বেতার কেন্দ্রে যুক্ত থেকে ও বিভিন্নভাবে মুক্তিযুদ্ধে অংশ গ্রহণ করেন।

**পাঁচ ॥ ১৯৭২-৮১**


স্বাধীনতা-উত্তর কালে বিভাগের উদ্যোগে ১৯৭২ সালের ফেব্রুয়ারী মাসে নিখোঁজ ও শহীদ অধ্যাপকদের জীবন ও সাহিত্যকর্ম বিষয়ে বক্তৃতামালার আয়োজন করা হয় এবং ঐ বক্তৃতাসমূহ বিভাগ থেকে প্রকাশিত 'মুনীর চৌধুরী মোফাজ্জল হায়দার চৌধুরী আনোয়ার পাশা' (ডিসেম্বর ১৯৭২) [ সৈয়দ আকরম হোসেন সম্পাদিত ] গ্রন্থে সংকলিত হয়। ১৯৭৩ সালের ফেব্রুয়ারী মাসে বিভাগ 'বাংলাদেশ বক্তৃতামালা'র আয়োজন করে। 'বাঙলাদেশ' [মনসুর মুসা সম্পাদিত] নামে ১৯৭৪ সালে ঐ বক্তৃতামালা গ্রন্থাকারে প্রকাশিত হয়। বিভাগের পরলোকগত এবং নিখোঁজ ও শহীদ অধ্যাপকদের স্মরণে ১৯৭৩ সালের ডিসেম্বরে 'মুহম্মদ শহীদুল্লাহ্, মুহম্মদ আবদুল হাই, মুনীর চৌধুরী, মোফাজ্জল হায়দার চৌধুরী, আনোয়ার পাশা' 'বক্তৃতামালার' আয়োজন করা হয়। উল্লেখযোগ্য যে এসমস্ত বক্তৃতামালায় বিভাগের অধ্যাপকমণ্ডলী ও বিশিষ্ট সুধীবৃন্দ অংশ গ্রহণ করেন। বাংলাদেশে বাংলাভাষা ও সাহিত্যের পঠন-পাঠন এবং গবেষণার ক্ষেত্রে বিভাগের এই সমস্ত উদ্যোগের গুরুত্ব অপরিসীম। উল্লেখযোগ্য এ-পর্যায়ে বিভাগের অধ্যক্ষ ছিলেন ডক্টর নীলিমা ইব্রাহিম।




**অধ্যাপক মোফাজ্জল হায়দার চৌধুরী**
জন্ম : জুলাই ২২, ১৯২৬
মৃত্যু : ডিসেম্বর ১৪, ১৯৭১
মুক্তিযুদ্ধে শহীদ



**অধ্যাপক আনোয়ার পাশা**
জন্ম : এপ্রিল ১৫, ১৯২৮
মৃত্যু : ডিসেম্বর ১৪, ১৯৭১
মুক্তিযুদ্ধে শহীদ



**নজরুল ইসলাম** [ছাত্র]
মুক্তিযুদ্ধে শহীদ



**মোস্তফা কামাল শাহরিয়ার** [ছাত্র]
মুক্তিযুদ্ধে শহীদ

ঢাকা বিশ্ববিদ্যালয় অধ্যাদেশ ১৯৭৩ বাস্তবায়িত হলে, ঐ অধ্যাদেশের অধীনে, ১।৭।৭৪ থেকে তিন বছরের জন্য বাংলা বিভাগের প্রথম 'চেয়ারম্যান' নিযুক্ত হন প্রফেসর নীলিমা ইব্রাহিম। তাঁর ঐ কার্যকাল সমাপ্ত হবার আগেই ১৪।১০।৭৫ তারিখে তিনি বিভাগীয় চেয়ারম্যানের পদ পরিত্যাগ করেন। ফলে ১৫।১০।৭৫ থেকে পরবর্তী তিন বৎসরের জন্য বিভাগীয় চেয়ারম্যান নিযুক্ত হন প্রফেসর আহমদ শরীফ। তাঁর ঐ কার্যকাল শেষ হয় ১৪।১০।৭৫ তারিখে ; তবে তিনি ১১।১২।৭৮ পর্যন্ত কার্যরত থাকেন। ১২।১২।৭৮ তারিখ থেকে পরবর্তী তিন বৎসরের জন্য বিভাগীয় চেয়ারম্যান নিযুক্ত হন প্রফেসর মোহাম্মদ মনিরুজ্জামান। তাঁর কার্যকাল শেষ হয় ১১।১২।৮১ তারিখে। ১২।১২।৮১ তারিখ থেকে পরবর্তী তিন বৎসরের জন্য বিভাগীয় চেয়ারম্যান নিযুক্ত হয়েছেন প্রফেসর কাজী দীন মুহম্মদ।

বাংলা বিভাগের একাডেমিক কমিটি ১৯৭৪ সালে কোর্স পদ্ধতির পাঠক্রম পুনর্বিন্যাসের ও নিয়মাবলী নির্ধারনের জন্য ডক্টর মোহাম্মদ মনিরুজ্জামানকে আহ্বায়ক করে একটি উপ-কমিটি নিয়োগ করেন। এই উপকমিটির সুপারিশ অনুসারে বাংলা বিভাগের একাডেমিক কমিটি, বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষসমূহের অনুমোদনক্রমে, ১৯৭৪-৭৫ শিক্ষাবর্ষ থেকে বাংলা বিভাগে কোর্স পদ্ধতির পঠন-পাঠন প্রবর্তন করেন।

বাংলাদেশের স্বাধীনতার পর বাংলা বিভাগের গবেষণা কার্যক্রম পুনর্গঠনের কাজ নব-উদ্যমে শুরু হয়। ১।৭।১৯৭২ তারিখে তৎকালীন লেকচারার জনাব ওয়াকিল আহমদ পিএইচ. ডি. ডিগ্রী লাভ করেন। বিভাগীয় এ্যাসোসিয়েট প্রফেসর জনাব মোহাম্মদ রফিকুল ইসলাম ১০।৯।৭৭ তারিখে পিএইচ. ডি. ডিগ্রী লাভ করেন। এ ছাড়া নিম্নলিখিত বিভাগীয় অধ্যাপকদের তত্ত্বাবধানে স্বাধীনতার পর, এ-পর্যন্ত মোট আট জন গবেষক পিএইচ. ডি. ডিগ্রী লাভ করেছেন :

**গবেষণা-তত্ত্বাবধায়ক : প্রফেসর নীলিমা ইব্রাহিম**

আবু সাঈদ মোহাম্মদ আনোয়ারুল করিম (১৯-৩-৭৭)
সৈয়দ আকরম হোসেন (১৫-২-৭৯)

**গবেষণা-তত্ত্বাবধায়ক : প্রফেসর আহমদ শরীফ**

এস. এম. লুৎফর রহমান (১৫-২-৭৯)
মঞ্জুশ্রী চৌধুরী (১৫-২-৭৯)
নাজমা জেসমিন চৌধুরী (১৫-২-৭৯)
মোঃ বদিউজ্জামান (১৩-১১-৮১)

**গবেষণা-তত্ত্বাবধায়ক : প্রফেসর মোহাম্মদ মনিরুজ্জামান**

মোহাম্মদ সাঈদ-উর রহমান (২৮-৪-৭৯)
সুনীলকুমার মুখোপাধ্যায় (১৫-৬-৮১)

১৯৭৭ সালে বাংলা বিভাগে এম. ফিল. পর্যায়ে পঠন-পাঠন ও গবেষণা শুরু হলে এ পর্যন্ত তিনজন গবেষক এই বিভাগ থেকে এম. ফিল. ডিগ্রী লাভ করেন :

**গবেষণা-তত্ত্বাবধায়ক : প্রফেসর মোহাম্মদ মনিরুজ্জামান**

মাহবুবা সিদ্দিকা (২৮-৪-৭৯)

**গবেষণা-তত্ত্বাবধায়ক : প্রফেসর মোহাম্মদ রফিকুল ইসলাম**

রোকসানা সুলতানা (২৫-১০-৭৯)

**গবেষণা-তত্ত্বাবধায়ক : প্রফেসর আহমদ শরীফ**

এ. কে. এম. নূরুল ইসলাম (৩-৬-৮০)

## সাহিত্য পত্রিকা

১৯৭১ ও ১৯৭২ সালে সাহিত্য পত্রিকা প্রকাশ বন্ধ থাকে। ১৯৭৩ (১৭শ বর্ষ, ১৩৮০) সালে পত্রিকা পুনঃপ্রকাশ ও সম্পাদনার দায়িত্ব গ্রহণ করেন প্রফেসর নীলিমা ইব্রাহিম। সম্পাদনা-পরিষদের সদস্য ছিলেন ডক্টর নীলিমা ইব্রাহিম, ডক্টর মোহাম্মদ মনিরুজ্জামান ও ডক্টর রফিকুল ইসলাম। ডক্টর নীলিমা ইব্রাহিমের সম্পাদনায় ১৭:১, ১৭:২ এবং১৮:১ সংখ্যা সাহিত্য পত্রিকা প্রকাশিত হয়।

অর্থাভাবে ও নানা কারণে ১৯-২১ বর্ষ (১৯৭৫-৭৮) সাহিত্য পত্রিকা প্রকাশ বন্ধ থাকে। ১৯৭৮ সালের মাঝামাঝি সময়ে, প্রধানতঃ উপাচার্য ডক্টর ফজলুল হালিম চৌধুরীর আগ্রহে, ঢাকা বিশ্ববিদ্যালয় সাহিত্য পত্রিকা প্রকাশের সমস্ত ব্যয়ভার গ্রহণ করে। পুনর্গঠিত সম্পাদনা পরিষদের সদস্য হন প্রফেসর নীলিমা ইব্রাহিম, প্রফেসর আহমদ শরীফ ও প্রফেসর মোহাম্মদ মনিরুজ্জামান। প্রফেসর মোহাম্মদ মনিরুজ্জামানকে সাহিত্য পত্রিকার সম্পাদনার দায়িত্ব প্রদান করা হয়। সম্পাদনা-সহযোগীর দায়িত্ব দেয়া হয় ডক্টর সৈয়দ আকরম হোসেনকে। প্রফেসর মোহাম্মদ মনিরুজ্জামানের সম্পাদনায় সাহিত্য পত্রিকা 'নবপর্যায়ে' ২২শ বর্ষ থেকে নিয়মিত প্রকাশিত হচ্ছে। ১৯৭৮-৮২—এই চার শিক্ষাবর্ষে সাহিত্য পত্রিকার মোট ৮টি সংখ্যা প্রকাশিত হয়েছে। এই ৮টি সংখ্যায় ভাষা ও সাহিত্যবিষয়ক গবেষণা-প্রবন্ধ ছাড়াও কয়েকটি পূর্ণাঙ্গ গবেষণা-গ্রন্থ প্রকাশিত হয়েছে।

২২:২ ।। ডক্টর মুহম্মদ এনামুল হক সম্পাদিত, শেখ জাহেদ প্রণীত 'আদ্যপরিচয়,' পৃ. ১-১০৮। (সীমিত সংখ্যক গ্রন্থাকারে পুনর্মুদ্রিত)

২৩:২ ।। ডক্টর হুমায়ূন আজাদ, 'রূপান্তরমূলক সৃষ্টিশীল ব্যাকরণ', পৃ. ২৩-১৯৬

২৪:১.২ ।। ডক্টর মোহাম্মদ মনিরুজ্জামান ।। 'সাময়িক পত্রে সাহিত্যচিন্তা : সওগাত', পৃ. ৬৯-২২৬ এবং ৬৩-২১৯। (সীমিত সংখ্যক গ্রন্থাকারে পুনর্মুদ্রিত)

সাহিত্য পত্রিকার ২৫:১ সংখ্যা ঢাকা বিশ্ববিদ্যালয় বাংলা পঠন-পাঠনের এবং সংস্কৃত ও বাংলা বিভাগের ষাট বৎসর পূর্তি বিশেষ সংখ্যা রূপে প্রকাশিত হয়েছে এবং ২৫ : ২ সংখ্যা সাহিত্য পত্রিকার রজত জয়ন্তী সংখ্যা হিসেবে প্রকাশিত হচ্ছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইতিহাসে এই "বিশেষ সংখ্যা" গুরুত্বপূর্ণ বলে বিবেচিত হওয়ার দাবী রাখে।

সাহিত্য পত্রিকার নবপর্যায়ের প্রতিটি সংখ্যাই ঢাকা বিশ্ববিদ্যালয় প্রেসের মুদ্রণ-দক্ষতার উন্নতমানের পরিচয় বহন করছে।

**ছয়**

ঢাকা বিশ্ববিদ্যালয় বাংলা বিভাগ থেকে প্রকাশিত গ্রন্থসমূহের তালিকা নিম্নরূপ :

১। মরহুম আবদুল করিম সাহিত্যবিশারদ সংকলিত মুসলিম রচিত মধ্যযুগের পুথি-সাহিত্যের বিস্তৃত বিবরণমূলক 'পুথি পরিচিতি', আহমদ শরীফ সম্পাদিত ১৯৫৮

২। আহমদ শরীফ সম্পাদিত, 'আলাউলের তোহফা', ১৯৫৮

৩। মুহম্মদ শহীদুল্লাহ্, 'বাংলা ভাষার ইতিবৃত্ত', ১৯৫৯

৪। আহমদ শরীফ সম্পাদিত, মুহম্মদ খানের 'সত্যকলি বিবাদ সম্বাদ', ১৯৫৯

৫। মুহম্মদ আবদুল হাই ও মুহম্মদ মনসুরউদ্দীন সম্পাদিত, 'হারামণি', ৫ম খণ্ড, ১৯৬১

৬। আহমদ শরীফ সম্পাদিত, 'মুসলিম কবির পদ সাহিত্য', ১৯৬১

৭। Muhammad Abdul Hai and W. J. Ball, *The Sound Structures of English and Bengali,* 1961

৮। মুহম্মদ সিদ্দিক খান, 'বাংলা মুদ্রণ ও প্রকাশনে কেরী যুগ', ১৯৬২

৯। মোহাম্মদ মনিরুজ্জামান, 'আধুনিক কাহিনী-কাব্যে মুসলিম জীবন ও চিত্র', ১৯৬২

১০। মুনীর চৌধুরী, 'ড্রাইডেন ও ডি. এল. রায়', ১৯৬৩

১১। আনিসুজ্জামান, মহাদেবপ্রসাদ সাহা ও জেমস লঙ, *Descriptive Catalogue of Vernacular Books and Pamphlets,* 1964

১২। নীলিমা ইব্রাহিম, 'উনবিংশ শতাব্দীর বাঙ্গালী সমাজ ও বাংলা নাটক,' ১৯৬৪

১৩। মুহম্মদ আবদুল হাই সম্পাদিত, 'ভাষা ও সাহিত্য সপ্তাহ, ১৩৭০', বৈশাখ ১৩৭১ (১৯৬৪)

১৪। Qazi Abdul Mannan, *Emergence and Development of Dobkashi Literature in Bengali,* 1965.

১৫। হরেন্দ্রচন্দ্র পাল, 'বাংলা সাহিত্যে আরবী-ফারসী শব্দ', ১৯৬৭

১৬। সৈয়দ আকরম হোসেন, 'রবীন্দ্রনাথের উপন্যাস : দেশকাল ও শিল্পরূপ', ১৯৬৯

১৭। মমতাজুর রহমান তরফদার, 'বাংলা রোমাণ্টিক কাব্যের আওয়াধী-হিন্দী পটভূমি', ১৯৭১

১৮। রফিকুল ইসলাম, 'নজরুল জীবনী', ১৯৭২

১৯। সৈয়দ আকরম হোসেন সম্পাদিত, 'মুনীর চৌধুরী মোফাজ্জল হায়দার চৌধুরী আনোয়ার পাশা,' ১৯৭২

বিভাগের উদ্যোগে নিম্নলিখিত গ্রন্থ দু'টি উল্লেখিত প্রকাশনা-সংস্থা কর্তৃক প্রকাশিত হয় :

১। আবুল কাসেম ফজলুল হক, 'মুক্তি সংগ্রাম', আহমদ পাবলিশিং হাউস, ১৯৭২

২। মনসুর মুসা সম্পাদিত, 'বাঙলাদেশ,' নওরোজ কিতাবিস্তান, ১৯৭৪

**সাত**

বিভাগের সূচনা থেকে এ-পর্যন্ত বি. এ. অনার্স পরীক্ষায় মোট ২১ জন এবং এম. এ. পরীক্ষায় মোট ৪৬ জন ছাত্র-ছাত্রী প্রথম শ্রেণীতে উত্তীর্ণ হয়েছেন। প্রথম শ্রেণীপ্রাপ্ত ছাত্রছাত্রীদের নামের তালিকা, বৎসরের উল্লেখসহ, নীচে দেয়া হলো।

**॥ বি. এ. অনার্স ॥**

| | | |
|---|---|---|
| ১। | বিষাদভূষণ দাশগুপ্ত | ১৯২৪ |
| ২। | গণেশচরণ বসু | ১৯২৫ |
| ৩। | অজিতকুমার দত্ত | ১৯২৯ |
| ৪। | বিশ্বরঞ্জন ভাদুড়ী | ১৯৩৮ |
| ৫। | অক্ষয়কুমার সেনশর্মা | ১৯৪০ |
| ৬। | পরেশচন্দ্র ভট্টাচার্য | ১৯৪১ |
| ৭। | মুহম্মদ আবদুল হাই | ১৯৪১ |
| ৮। | উমা মজুমদার | ১৯৪৩ |
| ৯। | ভবতোষ দত্ত | ১৯৪৬ |
| ১০। | মোঃ আলাউদ্দিন আল আজাদ | ১৯৫৩ |
| ১১। | এ. টি. এম. আনিসুজ্জামান | ১৯৫৬ |
| ১২। | আবু হেনা মোস্তফা কামাল | ১৯৫৮ |
| ১৩। | মোহাম্মদ মনিরুজ্জামান | ১৯৫৮ |
| ১৪। | আবুল কালাম মোহাম্মদ মনজুর মোরশেদ | ১৯৫৯ |
| ১৫। | সেবাব্রত চৌধুরী | ১৯৬১ |
| ১৬। | হুমায়ুন কবির | ১৯৬৭ |
| ১৭। | সিদ্দিকা মাহমুদা | ১৯৭২ |
| ১৮। | বেগম আক্তার কামাল | ১৯৭২ |
| ১৯। | ভীষ্মদেব চৌধুরী | ১৯৭৮ [কোর্স পদ্ধতি] |
| ২০। | তুষারকান্তি দাশ | ১৯৮০ [কোর্স পদ্ধতি] |
| ২১। | ফাতেমা কাওসার | ১৯৮০ |

**॥ এম. এ. ॥**

| | | |
|---|---|---|
| ১। | গণেশচরণ বসু | ১৯২৬ |
| ২। | মৃণালবালা দাশগুপ্তা | ১৯২৯ |
| ৩। | অজিতকুমার দত্ত | ১৯৩০ |

| | | |
|---|---|---|
| ৪। | আশুতোষ ভট্টাচার্য | ১৯৩২ |
| ৫। | দ্বিজেন্দ্রলাল নাথ | ১৯৩৭ |
| ৬। | বিশ্বরঞ্জন ভাদুড়ী | ১৯৩৯ |
| ৭। | মথুরেন্দ্রনাথ নন্দী | ১৯৪০ |
| ৮। | অক্ষয়কুমার সেনশর্মা | ১৯৪১ |
| ৯। | ভোলানাথ ঘোষ | ১৯৪১ |
| ১০। | মুহম্মদ আবদুল হাই | ১৯৪২ |
| ১১। | পরেশচন্দ্র ভট্টাচার্য | ১৯৪৩ |
| ১২। | বেলা সেনগুপ্তা | ১৯৪৩ |
| ১৩। | উমা মজুমদার | ১৯৪৪ |
| ১৪। | শান্তিলতা ভট্টাচার্য (চক্রবর্তী) | ১৯৪৪ |
| ১৫। | হরনাথ পাল | ১৯৪৬ |
| ১৬। | ভবতোষ দত্ত | ১৯৪৭ |
| ১৭। | কাজী দীন মুহম্মদ | ১৯৪৯ |
| ১৮। | মযহারুল ইসলাম | ১৯৫১ |
| ১৯। | কাজী মোহাম্মদ আবদুল মান্নান | ১৯৫১ |
| ২০। | মোহাম্মদ আবদার রশীদ | ১৯৫১ |
| ২১। | মোঃ মোফাজ্জল হায়দার চৌধুরী | ১৯৫৩ |
| ২২। | মীর আবু সালেক | ১৯৫৩ |
| ২৩। | আবু নঈম মোহাম্মদ মুনীর চৌধুরী | ১৯৫৪ |
| ২৪। | মোঃ আলাউদ্দিন আল আজাদ | ১৯৫৪ |
| ২৫। | মোহাম্মদ আবদুল কাইউম | ১৯৫৪ |
| ২৬। | আবুল খায়ের মুহম্মদ আমিনুল ইসলাম | ১৯৫৪ |
| ২৭। | মোহাম্মদ রফিকুল ইসলাম | ১৯৫৬ |
| ২৮। | এ. টি. এম. আনিসুজ্জামান | ১৯৫৭ |
| ২৯। | সুনীলকুমার মুখোপাধ্যায় | ১৯৫৭ |
| ৩০। | আবু হেনা মোস্তফা কামাল | ১৯৫৯ |
| ৩১। | মোহাম্মদ মনিরুজ্জামান | ১৯৫৯ |
| ৩২। | মাহমুদা খাতুন | ১৯৫৯ |
| ৩৩। | হাসনা বেগম | ১৯৫৯ |
| ৩৪। | সরদার লুৎফর রহমান | ১৯৬০ |
| ৩৫। | আবুল কামাল মোহাম্মদ মনজুর মোরশেদ | ১৯৬১ |
| ৩৬। | মোহাম্মদ গোলাম মুরশিদ | ১৯৬২ |
| ৩৭। | সেবাব্রত চৌধুরী | ১৯৬২ |

| | | |
|---|---|---|
| ৩৮। | মোঃ শামসুল আলম চৌধুরী | ১৯৬৩ |
| ৩৯। | মোহাম্মদ আবু জাফর | ১৯৬৬ |
| ৪০। | সৈয়দ আকরম হোসেন | ১৯৬৭ [থিসিস গ্রুপ] |
| ৪১। | আহমদ কবির | ১৯৬৭ [থিসিস গ্রুপ] |
| ৪২। | হুমায়ূন কবির | ১৯৬৮ [থিসিস গ্রুপ] |
| ৪৩। | রেবেকা | ১৯৬৮ |
| ৪৪। | বেগম জাহানারা মান্নান | ১৯৭২ |
| ৪৫। | সিদ্দিকা মাহমুদা | ১৯৭৩ [থিসিস গ্রুপ] |
| ৪৬। | মনোয়ারা হোসেন | ১৯৭৭ [থিসিস গ্রুপ] |

**আট**

॥ ১ ॥

**বাংলা ও সংস্কৃত বিভাগের অধ্যক্ষ**

**সংস্কৃত ও বাংলা বিভাগ**

| | |
|---|---|
| মহামহোপাধ্যায় হরপ্রসাদ শাস্ত্রী | ১৯২১-২৪ |
| অধ্যাপক শ্রীশচন্দ্র চক্রবর্তী | ১৯২৪-২৫ |
| ডক্টর সুশীলকুমার দে | ১৯২৫-৩২ |
| ডক্টর রাধাগোবিন্দ বসাক | ১৯৩২ |
| ডক্টর সুশীলকুমার দে | ১৯৩২-৩৪ |
| ডক্টর মুহম্মদ শহীদুল্লাহ্ | ১৯৩৪-৩৫ |
| ডক্টর সুশীলকুমার দে | ১৯৩৫-৩৭ |

**সংস্কৃত বিভাগ**

| | |
|---|---|
| ডক্টর সুশীলকুমার দে | ১৯৩৭-৪৬ |
| ডক্টর প্রবোধচন্দ্র লাহিড়ী | ১৯৪৬-৫০ |
| ডক্টর রাজেন্দ্রচন্দ্র হাজরা | ১৯৫০ |

**বাংলা বিভাগ**

| | |
|---|---|
| ডক্টর মুহম্মদ শহীদুল্লাহ্ | ১৯৩৭-৪৪ |
| ডক্টর মনোমোহন ঘোষ | ১৯৪৪-৪৬ |
| ডক্টর সুশীলকুমার দে | ১৯৪৬ |
| অধ্যাপক গণেশচরণ বসু | ১৯৪৬-৫০ |

### বাংলা ও সংস্কৃত বিভাগ

| | |
|---|---|
| অধ্যাপক গণেশচরণ বসু | ১৯৫০-৫২ |
| ডক্টর মুহম্মদ শহীদুল্লাহ্ | ১৯৫২-৫৪ |
| প্রফেসর মুহম্মদ আবদুল হাই | ১৯৫৪-৬৯ |
| প্রফেসর মুনীর চৌধুরী | ১৯৬৯ অক্টোবর--১৯৭০ |

### সংস্কৃত ও পালি বিভাগ

| | |
|---|---|
| প্রফেসর মুনীর চৌধুরী | অক্টোবর ১৯৭০-১৪।১২।৭১ |
| ডক্টর নীলিমা ইব্রাহিম | ১৬।১২।৭১—৩১।৬।৭৩ |
| শ্রীরবীন্দ্রনাথ ঘোষ ঠাকুর | ১।৭।৭৩—৩১।৬।৭৬ |
| ডক্টর রবীন্দ্রবিজয় বড়ুয়া | ১।৭।৭৬- |

### বাংলা বিভাগ

| | |
|---|---|
| প্রফেসর মুনীর চৌধুরী | অক্টোবর ১৯৭০-১৪।১২।৭১ |
| প্রফেসর নীলিমা ইব্রাহিম | ১৬।১২।৭১-১৪।৬।৭৫ |
| প্রফেসর মোহাম্মদ মনিরুজ্জামান | ভারপ্রাপ্ত ১৫।৬।৭৫-৬।৮।৭৫ |
| প্রফেসর নীলিমা ইব্রাহিম | ৭।৮।৭৫--১৪।১০।৭৫ |
| প্রফেসর আহমদ শরীফ | ১৫।১০।৭৫—১১।১২।৭৮ |
| প্রফেসর মোহাম্মদ মনিরুজ্জামান | ১২।১২।৭৮—১১।১২।৮১ |
| প্রফেসর কাজী দীন মুহম্মদ | ১২।১২।১৯৮১ থেকে |

॥ ২ ॥

## বাংলা ও সংস্কৃতের প্রফেসর

### সংস্কৃত

| | |
|---|---|
| মহামহোপাধ্যায় হরপ্রসাদ শাস্ত্রী | ১৯২১-২৪ |
| ডক্টর সুশীলকুমার দে | ১৯৩৭-৪৬ |

### বাংলা

| | |
|---|---|
| ডক্টর মুহম্মদ শহীদুল্লাহ্ | ১৯৫২-৫৪ |
| জনাব মুহম্মদ আবদুল হাই | ১৯৬২-৬৯ |
| জনাব মুনীর চৌধুরী | ১৯৬৯-১৪।১২।৭১ |
| ডক্টর নীলিমা ইব্রাহিম | ৪।১১।৭২- |
| ডক্টর আহমদ শরীফ | ৪।১১।৭২- |
| ডক্টর মোহাম্মদ মনিরুজ্জামান | ২৭।১।৭৫- |
| ডক্টর কাজী দীন মুহম্মদ | ১।১০।৭৮- |
| ডক্টর রফিকুল ইসলাম | ১।১০।৭৮- |
| ডক্টর আবু হেনা মোস্তফা কামাল | ১।১১।৭৮- |

॥ ৩ ॥

## শিক্ষকদের পরিচিতি ও গ্রন্থ-প্রকাশনা

**মহামহোপাধ্যায় হরপ্রসাদ** শাস্ত্রী, এম. এ. (কলিকাতা), ডি. লিট. অনারিস কওসা (ঢাকা ১৯২৭)

প্রফেসর ও অধ্যক্ষ, সংস্কৃত ও বাংলা বিভাগ ১৯২১-২৪

**প্রকাশনা**

১ ॥ Sanscrit Manuscripts of the Library of the Bengal Asiatic Society, Vol. I (On Vedic Manuscripts and the other on History and Geography), ১৯২৪। ২ ॥ হাজার বছরের পুরাণ বাঙ্গালা ভাষায় বৌদ্ধগান ও দোঁহা, বঙ্গীয় সাহিত্য পরিষৎ, ১৩২৩ বাং (১৯১৬ খৃ.), কলিকাতা। ৩ ॥ কাঞ্চনমালা, গুরুদাস চট্টোপাধ্যায় এণ্ড সন্স, তৃ-সং, কলিকাতা ১৯২৩। ৪ ॥ কাশীরাম দাস: মহাভারত (সম্পাদিত), আদি পর্ব, কলিকাতা ১৯২৮। ৫ ॥ প্রাচীন বাংলার গৌরব, বিশ্বভারতী গ্রন্থালয়, কলিকাতা ১৯৪৬। ৬ ॥ হরপ্রসাদ শাস্ত্রী গ্রন্থাবলী, ১ম খণ্ড, কলিকাতা ১৯৮০

**শ্রীশচন্দ্র চক্রবর্তী**, বি. এ. অনার্স (কলিকাতা)

রীডার ১৯২১-২৫; অধ্যক্ষ, সংস্কৃত ও বাংলা বিভাগ ১৯২৪-২৫

**প্রকাশনা**

১ ॥ A commentry in the Nyasa, Vol. II. Part 2, Varendra Research Society, 1924

**রাধাগোবিন্দ বসাক**, এম.এ. (কলিকাতা) পিএইচ. ডি. ইতিহাস (ঢাকা)

লেকচারার ১৯২১-৩৩; অস্থায়ী রীডার ও অধ্যক্ষ ১৯৩২

**প্রকাশনা**

১ ॥ কৌটিল্য: অর্থশাস্ত্র, তৃ-সং, জেনারেল প্রিণ্টার্স, কলিকাতা ১৯৭০

**মুহম্মদ শহীদুল্লাহ্**, এম. এ., বি. এল. (কলিকাতা), ডি. লিট., ডিপ্লো-ফোন, (সোরবোন, প্যারিস) ডি. লিট., অনারিস কওসা [ঢাকা ১৯৭৪; মরণোত্তর]

লেকচারার ১৯২১-২৬; বিদেশে অধ্যয়ন ১৯২৬-২৮; লেকচারার ১৯২৮-৩৪; অস্থায়ী রীডার ও অধ্যক্ষ, সংস্কৃত ও বাংলা বিভাগ ১৯৩৪-৩৫; লেকচারার ১৯৩৫-৩৭; রীডার ও অধ্যক্ষ, বাংলা বিভাগ ১৯৩৭-৪৪; অতিরিক্ত শিক্ষক ১৯৪৮-৫২; প্রফেসর ও অধ্যক্ষ, বাংলা ও সংস্কৃত বিভাগ ১৯৫২-৫৪। ডীন, কলা অনুষদ ১৯৫৩-৫৫; প্রফেসর এমিরিটাস ১৯৬৭-৬৯।

প্রকাশনা

১ ॥ *Les Chants Mystiques de Kanha et de Saraha,* Andrien-Maisonneuve, Paris ১৯২৮ ২ ॥ ভাষা ও সাহিত্য, ঢাকা ১৯৩৩। ৩ ॥ রকমারি, প্রভিন্সিয়াল লাইব্রেরী, ঢাকা ১৯৩৮। ৪ ॥ ইকবাল : শিক্‌ওয়াহ ও জওয়াব-ই-শিকওয়াহ, প্রভিন্সিয়াল লাইব্রেরী, ঢাকা ১৯৪০। ৫ ॥ বাংলা ব্যাকরণ, প্রভিন্সিয়াল লাইব্রেরী, ঢাকা ১৩৪৭। ৬ ॥ ওমর খৈয়াম : রুবাইয়াৎ-ই-উমর খৈয়াম, ১৯৪২। ৭ ॥ আমাদের সমস্যা ; ভাষা, সাহিত্য, শিক্ষা, লিপি, রেনেসাঁস পাব্লিকেশন্‌স, ঢাকা ১৯৪৯। ৮ ॥ বাংলা সাহিত্যের কথা, ১ম খণ্ড (প্রাচীন যুগ), ঢাকা ১৯৫৩ ॥ ৯ ॥ বিদ্যাপতি-শতক (সম্পাদিত), রেনেসাঁস প্রিণ্টার্স, ঢাকা ১৯৫৪। ১০ ॥ ইকবাল (পরিবর্ধিত সংস্করণ), রেনেসাঁস প্রিণ্টার্স, ঢাকা ১৯৫৮। ১১ ॥ দীওয়ান-ই-হাফিজ, রেনেসাঁস প্রিণ্টার্স, ঢাকা ১৯৫৯। ১২ ॥ *Buddhist mystic songs,* বাংলা একাডেমী ১৯৬০। ১৩ ॥ শেষনবীর সন্ধানে, রেনেসাঁস প্রিণ্টার্স, ঢাকা ১৯৬১। ১৪ ॥ ইসলাম প্রসঙ্গ, রেনেসাঁস প্রিণ্টার্স, ঢাকা ১৯৬৩। ১৫ ॥ বাংলা সাহিত্যের কথা, ২য় খণ্ড (মধ্যযুগ), ঢাকা ১৯৬৫। ১৬ ॥ বাঙ্গালা ভাষার ইতিবৃত্ত, বাংলা একাডেমী, ঢাকা ১৯৬৫। ১৭ ॥ পূর্ব পাকিস্তানী আঞ্চলিক ভাষার অভিধান, বাংলা একাডেমী, ঢাকা ১৯৬৫। ১৮ ॥ মালিক মুহম্মদ জায়সী : পদ্মাবতী, আলাওল (সম্পাদিত), রেনেসাঁস প্রিণ্টার্স, ঢাকা ১৯৬৯। ১৯ ॥ কুর্‌আন প্রসঙ্গ, রেনেসাঁস প্রিণ্টার্স, ঢাকা ১৯৭০। ২০ ॥ নবী করিম হযরত মুহম্মদ (দঃ) রেনেসাঁস, প্রিণ্টার্স, ঢাকা ১৯৭৫।

**গুরুপ্রসন্ন ভট্টাচার্য,** এম. এ. (কলিকাতা)

লেকচারার ১৯২১-৩৭ ; লেকচারার সংস্কৃত বিভাগ ১৯৩৭-৩৮

**ননীগোপাল বন্দ্যোপাধ্যায়,** কাব্যতীর্থ

সহকারী লেকচারার ১৯২১-৩৪ ; লেকচারার ১৯৩৪-৩৭ ; লেকচারার সংস্কৃত বিভাগ ১৯৩৭-৩৯

**চারুচন্দ্র বন্দ্যোপাধ্যায়,** বি. এ. (কলিকাতা), এম. এ. অনারারী (ঢাকা ১৯২৯)

লেকচারার ১৯২৪-৩৭ ; লেকচারার, বাংলা বিভাগ ১৯৩৭-৩৪

**প্রকাশনা**

১ ॥ রত্নাবলী (অনুবাদ), ইণ্ডিয়ান পাবলিশিং হাউস, কলিকাতা ১৯১১। ২ ॥ ভাতের জন্মকথা, ইণ্ডিয়ান পাবলিশিং হাউস, কলিকাতা ১৩২০। ৩ ॥ মণিমঞ্জীর, আশুতোষ লাইব্রেরী, কলিকাতা ১৩২৪। ৪ ॥ বিষ্ণুপুরাণ, ইণ্ডিয়ান পাবলিশিং হাউস, কলিকাতা ১৯২১। ৫ ॥ আলোকলতা, এম. সি. সরকার এণ্ড সন্স, কলিকাতা ১৩২৭। ৬ ॥ রবিন্‌সন ক্রুসো, (অনুবাদ) ডানিয়েল ডিফো, ইণ্ডিয়ান প্রেস, এলাহাবাদ ১৯২১। ৭ ॥ সচিত্র পারস্য উপন্যাস, ইণ্ডিয়ান প্রেস, এলাহাবাদ ১৯২৩। ৮ ॥ রাবেয়া, ভট্টাচার্য এণ্ড সন্স, কলিকাতা ১৩২৯। ৯ ॥ বেদবাণী, এম.সি. সরকার এণ্ড সন্স, কলিকাতা ১৩৩০ (প্যারীমোহন সেনগুপ্ত সহযোগে)। ১০ ॥ কবিকঙ্কন চণ্ডীমঙ্গল-বোধিনী, ১ম ভাগ, কলিকাতা বিশ্ববিদ্যালয় ১৯২৫। ১১ ॥ জোড় বিজোড়, কলিকাতা

১৯২৫। ১২ ॥ চাঁদমামা, ইণ্ডিয়ান পাবলিশিং হাউস, কলিকাতা ১৩৩২। ১৩ ॥ অদর্শনা, এম. সি. সরকার এণ্ড সন্স, কলিকাতা ১৩৩২। ১৪ ॥ যা নয় তাই, ইণ্ডিয়ান প্রেস লিঃ, এলাহাবাদ ১৯২৭। ১৫ ॥ কবিকঙ্কন চণ্ডী, ২য় ভাগ, কলিকাতা বিশ্ববিদ্যালয় ১৯২৮। ১৬ ॥ শূন্য পুরাণ (সম্পাদনা), বসুমতী প্রেস, কলিকাতা ১৯৩০। ১৭ ॥ পথ ভোলা পথিক, ১৯৩৪। ১৮ ॥ ঊনবিংশ শতাব্দীর বাংলা হাস্যরসাত্মক রচনাবলী, কলিকাতা ১৯৩৬। ১৯ ॥ বিদ্যাপতি, চণ্ডীদাস ও অন্যান্য বৈষ্ণব মহাজন-গীতিকা (সম্পাদিত), দেবসাহিত্য কুটির, কলিকাতা ১৯৩৮। ২০ ॥ রবি-রশ্মি, ১ম খণ্ড, কলিকাতা বিশ্ববিদ্যালয়, কলিকাতা ১৯৩৮। ২১ ॥ রবি-রশ্মি, ২য় খণ্ড, কলিকাতা বিশ্ববিদ্যালয় ১৯৩৯। ২২ ॥ শ্রেষ্ঠ গল্প, গ্রন্থম, কলিকাতা ১৯৬০।

**উমেশচন্দ্র বন্দ্যোপাধ্যায়**, এম. এ. (ঢাকা)
অস্থায়ী সহকারী লেকচারার ১৯২৪-২৫

**সুশীলকুমার দে**, এম. এ., বি. এল. (কলিকাতা), ডি. লিট. (লণ্ডন)
রীডার ও অধ্যক্ষ, সংস্কৃত ও বাংলা বিভাগ ১৯২৫-৩৪, ১৯৩৫-৩৭ ; প্রফেসার ও অধ্যক্ষ সংস্কৃত বিভাগ ১৯৩৭-৪৬

**প্রকাশনা**

১ ॥ *History of Bengali Literature in the Ninetinth Century*, 1800-1825, কলিকাতা বিশ্ববিদ্যালয়, কলিকাতা ১৯১৯। ২ ॥ দীপালি, কলিকাতা ১৯২৮। ৩ ॥ *Treatment of Love in Sanskrit Literature*, Prabasi press, Calcutta 19291. ৪ ॥ Mricchakatika, Contributed to *Natesan's Tales from Sanskrit Dramatists*, Madras 1930. ৫ ॥ প্রাক্তনী, শ্রীগুরু লাইব্রেরী, কলিকাতা ১৯৩৪। ৬ ॥ লীলায়িতা, শ্রীগুরু লাইব্রেরী কলিকাতা ১৩৪১ বাং (১৯৩৪ খৃ.)। ৭ ॥ অদ্যতনী, জেনারেল প্রিণ্টার্স এণ্ড পাব্লিশার্স, কলিকাতা ১৯৪১। ৮ ॥ ক্ষণদীপিকা, জেনারেল প্রিণ্টার্স এণ্ড পাব্লিশার্স, কলিকাতা ১৯৪১। ৯ ॥ দীনবন্ধু মিত্র, এ. মুখার্জী এণ্ড কোং, কলিকাতা ১৩৫৮ বাংলা (১৯৫২ খৃ.)। ১০ ॥ বাংলা প্রবাদ : ছড়া ও চলতি কথা (সম্পাদিত), এ. মুখার্জী এণ্ড কোং, কলিকাতা ১৯৫৩। ১১ ॥ নানা নিবন্ধ, মিত্র ও ঘোষ, কলিকাতা ১৯৫৪।

**প্রবোধচন্দ্র লাহিড়ী**, এম.এ. (ঢাকা), পিএইচ.ডি. (লণ্ডন), কাব্যতীর্থ, সাহিত্য সরস্বতী
সহকারী লেকচারার ১৯২৫-৩০; বিদেশে অধ্যয়ন (১৯৩০-৩২); লেকচারার ১৯৩২-১৯৩৭; লেকচারার, সংস্কৃত বিভাগ ১৯৩৭-৪৬ ; রীডার ও অধ্যক্ষ, সংস্কৃত বিভাগ ১৯৪৬-৫০

**বসন্তকুমার চট্টোপাধ্যায়**, এম. এ. (কলিকাতা)
অস্থায়ী লেকচারার ১৯২৬-২৮

**প্রকাশনা**

১ ॥ *Descriptive Catalogue of Bengali MSS, with an Introduction on the Bengali Ramayan Literature*, Calcutta University 1926.

**জনার্দন চক্রবর্তী**, এম. এ. (কলিকাতা)
অস্থায়ী সহকারী লেকচারার ১৯২৬-২৮

**সুকুমার বন্দ্যোপাধ্যায়**, এম. এ. (কলিকাতা)
অস্থায়ী সহকারী লেকচারার ১৯২৬-২৭

**নরেন্দ্রনাথ ভট্টাচার্য**, এম. এ. (ঢাকা)
অস্থায়ী সহকারী লেকচারার ১৯২৬-২৭

**মোহিতলাল মজুমদার**, বি. এ. (কলিকাতা)
লেকচারার ১৯২৮-৩৭ ; লেকচারার, বাংলা বিভাগ ১৯৩৭-৪৪

**প্রকাশনা**

১ ।। বিস্মরণী, প্রবাসী কার্যালয়, কলিকাতা ১৩৩৩। ২ ।। আধুনিক বাংলা সাহিত্য, এলবার্ট লাইব্রেরী, ঢাকা ১৯৩৬। ৩ ।। সারগরল, রঞ্জন পাবলিশিং হাউস, কলিকাতা ১৩৪৩। ৪ ।। সাহিত্য-কথা, ইণ্ডিয়ান প্রেস, কলিকাতা ১৯৩৮। ৪ ।। বঙ্কিম-স্মৃতি (শ্রীশচন্দ্র দাস সহযোগে), এলবার্ট লাইব্রেরী, ঢাকা ১৩৪৬। ৬ ।। হেমন্তগোধূলি, অজিত শ্রীমানী, কলিকাতা ১৯৪১। ৭ ।। বিচিত্র কথা, শ্রীগুরু লাইব্রেরী, কলিকাতা ১৩৪৮। ৮ ।। বিবিধ কথা, মিত্র ও ঘোষ, কলিকাতা ১৩৪৮। ৯ ।। স্বপনপসারী, পরাগ পাবলিশার্স, কলিকাতা ১৯৪২। ১০ ।। সাহিত্য বিতান, ১ম ভাগ, বঙ্গভারতী গ্রন্থালয়, কলিকাতা ১৯৪২। ১১ ।। বাংলা কবিতার ছন্দ, জেনারেল প্রিণ্টার্স এণ্ড পাবলিশার্স, কলিকাতা ১৯৪৫। ১২ ।। বাংলার নবযুগ, জেনারেল প্রিণ্টার্স এণ্ড পাবলিশার্স, কলিকাতা ১৩৫২ বাং (১৯৪৬ খৃ.)। ১৩ ।। কবি শ্রীমধুসূদন : কাব্য ও কবি-চরিত, বঙ্গভারতী গ্রন্থালয়, হাওড়া ১৩৫৪ বাং (১৯৪৭ খৃ.)। ১৪ ।। রবি-প্রদক্ষিণ, বঙ্গভারতী গ্রন্থালয়, হাওড়া ১৩৫৬। ১৫ ।। বঙ্কিম-বরণ, বঙ্গভারতী গ্রন্থালয়, হাওড়া ১৩৫৬। ১৬।। শ্রীকান্তের শরৎচন্দ্র, বঙ্গভারতী গ্রন্থালয়, হাওড়া ১৯৫০। ১৭ ।। জীবন জিজ্ঞাসা, বঙ্গভারতী গ্রন্থালয় ১৩৫৮। ১৮ ।। বাংলা প্রবন্ধ ও রচনারীতি, সিটি বুক কোং, কলিকাতা ১৯৫১। ১৯ ।। কবি রবীন্দ্র ও রবীন্দ্র-কাব্য, ১ম খণ্ড, কমলা বুক ডিপো, কলিকাতা ১৯৫২। ২০ ।। কবি রবীন্দ্র ও রবীন্দ্র-কাব্য, ২য় খণ্ড, ১৯৫৩। ২১ ।। বঙ্কিম-সাহিত্যের ভূমিকা, ওরিয়েণ্ট বুক কোং, কলিকাতা ১৯৫৩। ২২ ।। কাব্যসম্ভার, মিত্র ও ঘোষ, কলিকাতা ১৯৬০। ২৩ ।। সাহিত্য-বিচার, বিদ্যোদয় লাইব্রেরী, কলিকাতা ১৯৬৬।

**গণেশচরণ বসু**, বি. এ. (অনার্স), এম. এ. (ঢাকা)
সহকারী লেকচারার ১৯৩০-৩৪ ; লেকচারার ১৯৩৪-৩৭ ; লেকচারার ; বাংলা বিভাগ ১৯৩৭-৪৬ ; রীডার ও অধ্যক্ষ, বাংলা বিভাগ ১৯৪৬-৫০ ; রীডার ও অধ্যক্ষ, বাংলা ও সংস্কৃত বিভাগ, ১৯৫০-৫২

**প্রকাশচন্দ্র লাহিড়ী**, এম. এ., পিএইচ. ডি. (ঢাকা)
